



শেখ হাসিনার মৃত্যুদণ্ড রায়ে ভারতের আনুষ্ঠানিক প্রতিক্রিয়া



সংগৃহীত ছবি

মানবতাবিরোধী অপরাধের অভিযোগে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল শেখ হাসিনার ফাঁসির রায় ঘোষণার পর ভারত প্রতিক্রিয়া জানিয়েছে। সোমবার (১৭ নভেম্বর) রায়ের কয়েক ঘণ্টার মধ্যে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় একটি বিবৃতি প্রকাশ করে।

বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশকে ঘনিষ্ঠ প্রতিবেশী হিসেবে ভারতের লক্ষ্য বাংলাদেশের শান্তি, গণতন্ত্র, অন্তর্ভুক্তি ও স্থিতিশীলতার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকা। ভারত সবসময়ই এই লক্ষ্যে সকল অংশীদারদের সঙ্গে গঠনমূলকভাবে কাজ করতে প্রস্তুত।

তবে বিবৃতিতে শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের হস্তান্তর বিষয়ে কোনও স্পষ্ট প্রতিক্রিয়া জানানো হয়নি। প্রসঙ্গত, সোমবার বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ‘আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায়ে পলাতক আসামি শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান জুলাই হত্যাকাণ্ডের জন্য দণ্ডপ্রাপ্ত হয়েছেন। মানবতাবিরোধী অপরাধে দণ্ডপ্রাপ্ত এই ব্যক্তিদের অন্য কোনো দেশ আশ্রয় দিলে তা হবে ন্যায়বিচারের প্রতি অবজ্ঞা। আমরা ভারত সরকারের প্রতি আহ্বান জানাই, তারা যেন অনতিবিলম্বে এই দুই ব্যক্তিকে বাংলাদেশ কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেন। দুই দেশের প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী এটি ভারতের জন্য বাধ্যতামূলক দায়িত্ব।’

এর আগে ঢাকা বেশ কয়েক দফা চিঠির মাধ্যমে দিল্লিকে আনুষ্ঠানিকভাবে শেখ হাসিনাকে ফেরত পাঠানোর অনুরোধ করেছিল। তবে এখন পর্যন্ত ভারতের পক্ষ থেকে কোনো ইতিবাচক সাড়া পাওয়া যায়নি।